

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

বার্ড ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী, ২০২০-২০২১ খ্রিঃ

সভাপতিঃ মোঃ সফিকুল ইসলাম
পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা)

স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
তারিখ : ২৩/০৩/২০২১ খ্রিস্টাব্দ
সময় : বেলা ১১:৩০ মিনিট


উপস্থিত সদস্যবৃন্দঃ


- ১। ডঃ মোঃ সফিকুল ইসলাম, পরিচালক (প্রশাসন), বার্ড।
- ২। জনাব রঞ্জন কুমার গুহ, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ৩। ড. শেখ মাসুদুর রহমান, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ৪। কাজী সোনিয়া রহমান, উপ-পরিচালক, বার্ড।
- ৫। জনাব মোঃ রিয়াজ মাহমুদ, উপ-পরিচালক, বার্ড।
- ৬। ডাঃ বিমল চন্দ্র কর্মকার, উপ-পরিচালক (কৃষি ও পরিবেশ), বার্ড।
- ৭। জনাব আশিক সরকার লিফাত, সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড।

সভার শুরুতে সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- ১। **Power Factor Improvement (PFI) Plant** এর মাধ্যমে বৈদ্যুতিক অপচয় রোধ করে **Power Factor Charge (PFC)** শূণ্যকরণ উদ্ভাবনী ধারণাটির বাস্তবায়ন কাজ চলমান রয়েছে।
দায়িত্বঃ ডঃ মোঃ সফিকুল ইসলাম
পরিচালক (প্রশাসন)
- ২। স্বাস্থ্যসেবা প্রদানের জন্য তথ্য ভান্ডার সৃজন শীর্ষক উদ্ভাবন ধারণাটি বাস্তবায়নে ধারণা প্রদানকারী জনাব সালাহ উদ্দিন ইবনে সাঈদ, যুগ্ম-পরিচালক বর্তমানে প্রেষণে থাকায় তাঁর পক্ষে বর্তমানে বাস্তবায়ন সম্ভব হচ্ছে না।
- ৩। পরিবেশ সুরক্ষায় পলিথিন জাতীয় বর্জ্য ব্যবস্থাপনা শীর্ষক উদ্ভাবন ধারণাটি মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলার চরচাষী গ্রাম ও কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার নতুন হাসনাবাদ গ্রামে বাস্তবায়িত হচ্ছে।
দায়িত্বঃ জনাব মোঃ রিয়াজ মাহমুদ
উপ-পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা)
- ৪। শিশুর বিনোদন ব্যবস্থা ও সুফলভোগীগণের ফলপ্রসূ সভা নিশ্চিতকরণ শীর্ষক উদ্ভাবন ধারণাটি ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
দায়িত্বঃ জনাব মোঃ রিয়াজ মাহমুদ
উপ-পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা)
- ৫। পাহাড়ী অঞ্চলে ছোট জলাধার তৈরির মাধ্যমে উন্নত জাতের হাঁস পালন ও আয়বর্ধন শীর্ষক উদ্ভাবন ধারণাটি ইনোভেশন বাজেটে বাস্তবায়ন না করে লালমাই-ময়নামতি প্রকল্পের সুফলভোগীদের দ্বারা মাঠ পর্যায়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।
দায়িত্বঃ ডাঃ বিমল চন্দ্র কর্মকার
উপ-পরিচালক (কৃষি ও পরিবেশ)
- ৬। বার্ডের কর্মরত সকলের জন্য **Contact Management App** তৈরি শীর্ষক উদ্ভাবন ধারণাটির বাস্তবায়ন কার্যক্রম শুরু করার জন্য বাজেট বিভাজন প্রণয়ন ও App তৈরির প্রাথমিক কার্যক্রম চলমান রয়েছে। এপ্রিল ২০২১ সময়ের মধ্যে ধারণাটি বাস্তবায়ন কার্যক্রম শুরু করা হবে।
দায়িত্বঃ জনাব আশিক সরকার লিফাত
সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ)

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ রিয়াজ মাহমুদ)
উপ-পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা)
ও
সদস্য সচিব, ইনোভেশন কমিটি


(মোঃ সফিকুল ইসলাম)
পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা)
এবং
ইনোভেশন অফিসার

বিতরণঃ

- ১। উপস্থিত সদস্যবৃন্দ, বার্ড।
- ২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।